



জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা

জবি/প্রশা-১৩(২)/২০০৮/১৫৮৭

তারিখ: ৩১/০১/২০২৪

নিয়োগ বিজ্ঞপ্তি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের লক্ষ্যে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে Online-এ (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.hrm.erp.jnu.ac.bd/employee_online_application) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে :

ক্রম.	পদের নাম	বেতন গ্রেড ও স্কেল (জা.বে.স্কে.-২০১৫)	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	রেজিস্ট্রার	বেতন গ্রেড-৩ স্কেল ৫৬,৫০০-৭৪,৪০০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম ২য় শ্রেণী/সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। খ) শিক্ষা জীবনে ন্যূনতম একটি ১ম বিভাগ/শ্রেণী থাকতে হবে এবং কোন স্তরেই ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। গ) সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে কমপক্ষে ১৮(আঠার) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে অতিরিক্ত রেজিস্ট্রার পদে ৫০,০০০-৭১২০০/- বেতনক্রমে ন্যূনতম ০২(দুই) বছরের অভিজ্ঞতাসহ ৪৩০০০-৬৯৮৫০/- বেতনক্রমে উপ-রেজিস্ট্রার/সমমান পদে কমপক্ষে ০৬(ছয়) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে। অথবা, ডেপুটি রেজিস্ট্রার/সমমান হিসেবে ন্যূনতম ০৮(আট) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ঘ) বিশ্ববিদ্যালয়ের শিক্ষাদান পদ্ধতি ও প্রশাসনিক কর্মকাণ্ডে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।

সাধারণ শর্তাবলী :

- শিক্ষাগত যোগ্যতার সনদ এবং অভিজ্ঞতার প্রমাণপত্র (প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্র-এর সত্যায়িত প্রতিলিপি, সদ্য তোলা পাসপোর্ট আকারের ৩ (তিন) কপি সত্যায়িত রঙিন ছবি যুক্ত করে online -এ দাখিলকৃত আবেদন ফরম-এর প্রিন্ট কপিসহ ০৮(আট) সেট পূর্ণাঙ্গ আবেদনপত্র ১৮/০৩/২০২৪ তারিখের মধ্যে (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সময় সকাল ৮.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত) নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (ডাকযোগে/কুরিয়ার সার্ভিস/সরাসরি) পৌছাতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি-বিধান প্রতিপালিত হবে। যাচাই-বাছাই কমিটি কর্তৃক তালিকাভুক্ত প্রার্থীদেরকেই কেবল বাছাই বোর্ডে ডাকা হবে। বাছাই বোর্ডের সদস্যদের সাথে ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।
- উল্লিখিত পদের জন্য ৬০০.০০ (ছয়শত) টাকা SuerCash/Rocket- এর মাধ্যমে Payment করতে হবে।
- চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে।
- অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে কেবলমাত্র একটি অনর্জনযোগ্য (Unattainable) যোগ্যতার (শিক্ষাগত যোগ্যতা) শর্ত শিথিলযোগ্য।
- বিজ্ঞাপিত পদে সরাসরি কর্মকর্তা নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর সর্বমোট সক্রিয় চাকরিকাল/অভিজ্ঞতা নিম্নরূপভাবে গণনা করা হবে:
 - পাবলিক বিশ্ববিদ্যালয়ে চাকুরীকালের ৭৫% তবে স্ব-পদের/ফিডার পদের পূর্ণ চাকুরীকালসহ সর্বোচ্চ ১২(বার) বছর।
 - সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীকালের ৬০% তবে সর্বোচ্চ ১০(দশ) বছর।
 - সরকারি ব্যাংক/সরকারি উন্নয়ন প্রকল্প ও এমপিওভুক্ত স্কুল কলেজের ইনডেম্পটারি ব্যক্তির চাকুরীকালের ৫০% তবে সর্বোচ্চ ১০(দশ) বছর।
 - একজন কর্মকর্তাকে যোগদানের ছয় মাসের মধ্যে অতীত চাকুরীকাল গণনার জন্য (প্রযোজ্য ক্ষেত্রে) আবেদন করতে হবে।
 - কোন প্রকার খন্ডকালীন অথবা চুক্তিভিত্তিক অথবা বেসরকারি প্রতিষ্ঠানের চাকুরীর সময়কাল চাকুরীকাল হিসেবে গণনা করা হবে না।
- গত ৩/১২/২০১৫ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৭০তম সভার পূর্বে যে সকল কর্মকর্তা জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চাকরিতে যোগদান করে কর্মরত আছেন তাদের ক্ষেত্রে ৭নং শর্ত প্রযোজ্য হবে না।
- কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। আবেদনপত্রের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত দেয়া হবে না।
- লিখিত পরীক্ষায়/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।


(প্রকৌশলী মোঃ জহিদ্জামান)
রেজিস্ট্রার